গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
২১ তলা, ভবন নং ০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.blwf.gov.bd

## বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের ২৮ তম সভার কার্যবিবরণী।

সভাপতি : বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি
প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

সভার তারিখ ও সময় : ১৪ নভেম্বর, ২০২৩ বিকাল ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভার উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চারনেতা ও একাত্তরের শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বোর্ড সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, প্রারম্ভিক বক্তব্য রাখার জন্য সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়।

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বোর্ড সভায় আগত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বোর্ড সভার কার্যপত্রের আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মহাপরিচালক-কে আহ্বান জানান।

মহাপরিচালক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মহাপরিচালক ২৭ তম বোর্ড সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর একটি প্রতিবেদন পেশ করেন। অত:পর ২৮ তম বোর্ড সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। সকল বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ০১. | **২৭ তম বোর্ড সভার কার্যবিবরণী**<br>৩১ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৭ তম বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ২৭ তম বোর্ড সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | বা.শ্র.ক.ফা. |
| ০২. | **২৭ তম বোর্ড সভার বাস্তবায়ন অগ্রগতি**<br>২৭তম বোর্ড সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। | বাস্তবায়ন কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে। | বা.শ্র.ক.ফা. |
| ০৩. | **যাচাইকৃত আবেদনসমূহের আর্থিক বরাদ্দ অনুমোদন**<br>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ২৮ তম বোর্ড সভার জন্য বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ ডকেটিং এর পর যাচাই-বাছাই কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হয়েছে। যাচাই বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত এবং জরুরী অনুদান প্রদানকৃত অদ্যকার সভায় মোট ৫৩৭৯ টি আবেদনপত্র বিবেচনার জন্য পেশ করা হলো। (তালিকা সংযুক্ত):<br><br>ক্রঃ নং / আবেদনের ধরন / আবেদনের সংখ্যা / টাকার পরিমান<br>১. / মৃত শ্রমিক / ২৫ টি / ৮,০০,০০০/-<br>২. / চিকিৎসা / ৫২০০ টি / ২৩,০৩,৭৫,০০০/-<br>৩. / শ্রমিকদের মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষা / ১২৭ টি / ৫৭,৪০,০০০/- | সভায় সর্বসম্মতিক্রমে ইতোমধ্যে আর্থিক অনুদান প্রদানকৃত ২৭ টি আবেদনের বিপরীতে ১৩,৫০,০০০/- টাকার ভূতাপেক্ষ অনুমোদনসহ উপস্থাপিত মোট ৫৩৭৯ টি আবেদনের অনুকূলে বিভিন্ন খাতে সর্বমোট ২৩,৮২,৬৫,০০০/- (তেইশ কোটি বিরাশি লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা অনুমোদন করা হয়। | বা.শ্র.ক.ফা. |

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>৪.</td><td>জরুরী (চিকিৎসা) ভূতাপেক্ষ অনুমোদন</td><td>২৭ টি</td><td>১৩,৫০,০০০/-</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৫৩৭৯ টি</td><td>২৩,৮২,৬৫,০০০/-</td></tr>
</table>
কথায়ঃ (তেইশ কোটি বিরাশি লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা মাত্র।<br>
উল্লেখ্য জরুরী ভিত্তিতে সর্বমোট ২৭ জনকে ইতোমধ্যে ১৩, ৫০,০০০/- (তেরো লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সহায়তা/অনুদান প্রদান করা হয়েছে। প্রদানকৃত অর্থের ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন। অদ্যকার বোর্ড সভায় প্রস্তাব অুনমোদনের জন্য আলোচনা হয়।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>মামলা পরিচালনা জন্য আইনজীবি নিয়োগ<br>
সভায় মহাপরিচালক জানান যে, বিভিন্ন সময়ে দেখা যাচ্ছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মহাপরিচালককে মামলায় বিবাদী করা হচ্ছে। মামলা পরিচালনার জন্য শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের কোন আইনজীবি নেই বা এ খাতে কোন বরাদ্দও নেই। মামলা পরিচালনার জন্য প্রয়োজনে আইনজীবি নিয়োগ ও তার সম্মানী বাবদ নিদিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ রাখার জন্য প্রস্তাব অুনমোদনের জন্য অদ্যকার বোর্ড সভায় আলোচনা হয়।</td>
<td>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের স্বার্থ সংশ্লিষ্ট কোন মামলা পরিচালনার জন্য আইনজীবি নিয়োগসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ফাউন্ডেশনের সংশ্লিষ্ট মামলার খরচ প্রতি অর্থ বছরের বাজেট হতে উপযোজনের মাধ্যমে সমন্বয় করা হবে।</td>
<td>বা.শ্র.ক.ফা.</td>
</tr>
<tr>
<td>০৫.</td>
<td>বিবিধ (সফটওয়্যার-এমআইএস )<br>
সভায় পরিচালক জানান যে, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ২০২৩-২৪ অর্থবছরের উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করতে একটি সফটওয়্যার (এমআইএস) তৈরী করার নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অদ্যকার বোর্ড সভায় উপস্থাপন করনে। বোর্ড সভায় সম্মানিত সদস্যগণ উক্ত সফটওয়্যারে প্রয়োজনীয়তা আছে বলে মতামত দেন এবং এ ব্যপারে কার্যক্রম শুরুর উপর গুরুত্বরোপ করেন।</td>
<td>ক) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের এমআইএস সফটওয়্যার প্রস্ততের উদ্যোগ গ্রহণ করবে।<br>
খ) এ বিষয়ে আর্থিক বিধি-বিধান প্রতিপালন সহ পিপিআর-২০০৮ অনুসরণ করবে।<br>
গ) এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাবসহ আগামী বোর্ড সভায় উপস্থাপন করবে।</td>
<td>বা.শ্র.ক.ফা.</td>
</tr>
</table>

সভাপতি বলেন, শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সংস্থা। শ্রমজীবি মানুষের কল্যাণে এ সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখছে। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের কার্যক্রমে অধিকতর গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে সভাপতি বিশেষ গুরুত্বারোপ করেন।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি)<br>
প্রতিমন্ত্রী<br>
ও<br>
চেয়ারম্যান<br>
পরিচালনা বোর্ড<br>
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন<br>
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।